গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশবাড়ী, গাইবান্ধা
www.palashbari.gaibandha.gov.bd



নম্বর: ০৫.৫৫.৩২৬৭.০০০.৪৬.০৬৩.২৪. ৮৮১ তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৩ আগস্ট ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ (সংশোধিত বিধিমালা, ২০১৬) মোতাবেক গাইবান্ধা জেলাধীন পলাশবাড়ী উপজেলার নিম্নোক্ত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের প্রকৃত নাগরিক/স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রম | ইউনিয়ন পরিষদের নাম | মহল্লাদার পদে শূন্য পদের সংখ্যা | ওয়ার্ড নম্বর | বেতন | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | কিশোরগাড়ী | ১ | ৯ | সরকার কর্তৃক নির্ধারিত | ৩২ বছর | সরাসরি নিয়োগের ক্ষেত্রে মহল্লাদার পদে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ২ | বরিশাল | ২ | ১ ও ৭ | | | |
| ৩ | মহদীপুর | ২ | ২ ও ৪ | | | |
| ৪ | বেতকাপা | ১ | ৭ | | | |
| ৫ | পবনাপুর | ১ | ৯ | | | |
| ৬ | মনোহরপুর | ১ | ৩ | | | |
| ৭ | হরিনাথপুর | ১ | ২ | | | |
| | মোট | ৯ | - | | | |

**শর্তাবলী:**

১. আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনপত্র আগামী ১৬/০৯/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে। উক্ত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোনো আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

৩. আগামী ১৬/০৯/২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে মৃত/অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

৫. এ নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে।

৬. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখ ও স্থানে বাছাই পরীক্ষায় (লিখিত, মৌখিক ও শারীরিক) অংশগ্রহণ করতে হবে এবং এর জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮. প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবে।

| প্রার্থীর ধরণ | সর্বনিম্ন উচ্চতা | সর্বনিম্ন ওজন | সর্বনিম্ন বুকের মাপ | |
|---|---|---|---|---|
| পুরুষ | ৫ ফুট ২ ইঞ্চি | ৫০ কেজি | ৩০ ইঞ্চি | ৩২ ইঞ্চি |
| মহিলা | ৫ ফুট | ৪৫ কেজি | ২৮ ইঞ্চি | ৩০ ইঞ্চি |

৯. আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, বয়স (১৬/০৯/২০২৬ তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ থাকতে হবে।

CamScanner

১০. আবেদনপত্রের সাথে প্রার্থীর (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি সত্যায়িত ছবি; (খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি; (গ) জাতীয় পরিচয়পত্র; (ঘ) জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি; (ঙ) প্রার্থীর সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের মূল কপি; (চ) নির্দিষ্ট কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমানক/সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং খামের উপর কোটা এবং ইউনিয়ন ও ওয়ার্ড নম্বর উল্লেখ করতে হবে; (ছ) আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা বরাবর ৫০/-(পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে; (জ) আবেদনপত্রের সাথে ১০/-(দশ) টাকার ডাক টিকেট সম্বলিত একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে; (ঝ) সকল সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। উক্ত কাগজপত্র ব্যতীত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

১১. আবেদনকারী/প্রার্থীর দাখিলকৃত তথ্য ভুয়া প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. কর্তৃপক্ষ যে কোন সময়ে/পর্যায়ে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩/০৮/২০২৬


(আমিনুল ইসলাম বুলবুল)
উপজেলা নির্বাহী অফিসার
পলাশবাড়ী, গাইবান্ধা
ফোন- ০২-৫৮৮৮৭৭২৮১
Email:unopalashbari@mopa.gov.bd


নম্বর: ০৫.৫৫.৩২৬৭.০০০.৪৬.০৬৩.২৪. ৮৮২(২০)

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৩ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, গাইবান্ধা;
২। উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা;
৩। অফিসার ইনচার্জ, পলাশবাড়ী থানা, গাইবান্ধা;
৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পলাশবাড়ী, গাইবান্ধা;
৫। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা;
৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পলাশবাড়ী, গাইবান্ধা (তাঁকে বিজ্ঞপ্তিটি অত্রাফিসের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭। চেয়ারম্যান, কিশোরগাড়ী/বরিশাল/মহদীপুর/পবনাপুর/মনোহারপুর/হরিনাথপুর ইউনিয়ন পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা;
৮। জনাব ........................................................................ পলাশবাড়ী, গাইবান্ধা;
৯। অফিস কপি।

২৩/০৮/২০২৬


(আমিনুল ইসলাম বুলবুল)
উপজেলা নির্বাহী অফিসার


CamScanner